# 2nd India-Zimbabwe Foreign Office Consultations

September 29, 2022

## দ্বিতীয় ভারত-জিম্বাবোয়ে বিদেশ দপ্তর পরামর্শ

সেপ্টেম্বর 29, 2022

29শে সেপ্টেম্বর 2022 তারিখে নিউ দিল্লিতে ভারত-জিম্বাবোয়ে দ্বিতীয় বিদেশ দপ্তর পরামর্শটি অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রী পুনীত আর. কুন্ডল, যুগ্ম সচিব (পূর্ব ও দক্ষিণ আফ্রিকা) এবং জিম্বাবোয়ের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন জিম্বাবোয়ের বিদেশ ও আন্তর্জাতিক বাণিজ্য মন্ত্রকের অর্থনৈতিক সহযোগিতা, আন্তর্জাতিক বাণিজ্য ও অভিবাসী বিভাগের মুখ্য নির্দেশক শ্রীমতি আর.এম. ফার্নাসি।

2. পরামর্শ চলাকালীন,উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপক পর্যালোচনা করেছে এবং দুই দেশের পারস্পরিক সুবিধার্থে এই সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য তাদের আকাঙ্ক্ষা ব্যক্ত করেছে। অংশীদারিত্বের পূর্ণ সম্ভাবনাকে বাস্তবায়িত করার জন্য দ্বিপাক্ষিক রাজনৈতিক বিনিময়ের গুরুত্বের উপরে উভয়পক্ষ জোরারোপ করেছে। প্রতিনিধিবৃন্দ অন্যান্য গুলির মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ, উন্নয়ন অংশিদারিত্ব, প্রতিরক্ষা, কনস্যুলার সমস্যা, কৃষি, স্বাস্থ্য ও রেলওয়ে সহ বেশ কিছু সংখ্যক ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি নিয়েও আলোচনা করেছেন।

3. পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক সমস্যাবলী নিয়েও মত বিনিময় হয়েছে।

4. অংশীদারিত্বকে প্রাণবন্ত ও পারস্পরিক উপযোগী রাখার ক্ষেত্রে উভয়পক্ষ উচ্চ পর্যায়ের রাজনৈতিক বিনিময়কে বজায় রাখা এবং যৌথ প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ার নিয়মিত বৈঠক করার ক্ষেত্রে সম্মত হয়েছে।

5. বন্ধুত্বপূর্ন ও আন্তরিক পরিবেশে আলোচনাটি সম্পন্ন হয়েছে। উভয় পক্ষ পরবর্তী আলোচনাটি পারস্পরিক একটি সুবিধাজনক দিনক্ষণে হারারেতে অনুষ্ঠিত করার জন্য সম্মত হয়েছে।

**নিউ দিল্লি**
**সেপ্টেম্বর 20, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.